



নং- ৪৫/২০২২

২৩ ফেব্রুয়ারী ২০২৪

৫৯ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তির নির্দেশাবলী (সংশোধিত)

১। নৌপরিবহন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমির জন্য ৫৯ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত ১৬০ জন পুরুষ ও ২০ জন মহিলা প্রার্থীর চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা আগামী ২৭ (নটিক্যাল) ও ২৮ ফেব্রুয়ারী (ইঞ্জিনিয়ারিং) ২০২৪ খ্রি: একাডেমি ক্যাম্পাসে সকাল ৯.০০ টা হতে অনুষ্ঠিত হবে।

২। নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশাবলী মোতাবেক স্বাস্থ্য পরীক্ষাসমূহ:
CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE for DA Health Screening Profile.

৩। এর মধ্যে CXR (বক্ষ এক্সরে) প্রার্থী তার সুবিধাজনক সরকার অনুমোদিত ল্যাব থেকে সম্পন্ন করে ফিল্ম ও রিপোর্ট নিয়ে আসতে হবে। বাকী ০৭ টি ডাক্তারী পরীক্ষা একাডেমিতে একই দিনে সম্পন্ন হবে। এর জন্য আনুমানিক ৭০০০/- টাকা (প্রকৃত ব্যয় অনুযায়ী কম-বেশী) প্রয়োজন হবে যা প্রার্থীকে পরীক্ষার শুরুতে পরিশোধ করতে হবে।

৪। স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীগণকে ২৮- ২৯ ফেব্রুয়ারী ২০২৪খ্রি: একাডেমিতে অফিস সময়ের (সকাল ৯.০০- বিকেল ৪.০০ টা) মধ্যে ভর্তি হতে হবে। তবে প্রার্থী ইচ্ছুক হলে ডাক্তারী পরীক্ষা চলাকালীন সময়ে নির্ধারিত ডকুমেন্ট ও পে-অর্ডার জমা দিয়ে সাময়িকভাবে ভর্তি হতে পারবে। [কোন প্রার্থী চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অনুত্তীর্ণ হলে একাডেমি হতে ডকুমেন্ট ও পে-অর্ডার ফেরত নিতে পারবে। এতে করে একজন প্রার্থী শুধুমাত্র এক (০১) দিনেই সকল কার্যক্রম সম্পন্ন করে ফিরে যেতে পারবে।]

৫। একাডেমিতে ০২ বছর মেয়াদী প্রাক-সমুদ্র প্রশিক্ষণ ফি প্রার্থীর জন্য প্রযোজ্য ৯৯,৯২০/- টাকার মধ্যে ভর্তির সময় ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ করতে হবে। প্রোজ় টাকা “কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি চট্টগ্রাম-সোনালী ব্যাংক, মেরিন একাডেমি শাখা”-র অনুকূলে সোনালী ব্যাংক-এর যে কোন শাখা থেকে ডিডি/পে অর্ডার আকারে জমা দিতে হবে। বাকী ৪৯,৯২০/- টাকা ২য় বৎসরে, ৩১ জানুয়ারী ২০২৫খ্রি: এর মধ্যে পরিশোধ করতে হবে। [একাডেমি ক্যাম্পাসেও পে অর্ডার করা যাবে]

৬। ভর্তির সময় নিম্নলিখিত তালিকা মোতাবেক প্রমানাদি জমা দিতে হবে।

| | | |
|---|---|------------------|
| (ক) মাধ্যমিক পরীক্ষা পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ | - | ০২ সেট ফটোকপি সহ |
| (খ) উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের মূল সনদ ও মূল নম্বরফর্দ | - | ০২ সেট ফটোকপি সহ |
| (গ) পাসপোর্ট সাইজের ছবি | - | ০৪ কপি |

৭। একাডেমি প্রশিক্ষণ শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে। ভর্তিকালীন প্রদত্ত ফরমসমূহ পূরণ করে নিম্নলিখিত প্রমানাদিসহ একাডেমি প্রশিক্ষণে অংশগ্রহণের দিন জমা দিতে হবে। যাবতীয় ডকুমেন্ট/ প্রমানাদি, তথ্যাদি ও যোগদানের নির্দেশনা ভর্তিকালীন জানানো হবে।

| | | |
|---|---|----------------------------------|
| (১) মূল আবেদন ফরম (ব্লু ফরম)- Main Application Form | - | ভর্তির সময় প্রদান করা হবে। |
| (২) ইনডেমনিটি বন্ড- ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প (নমুনা মোতাবেক) | - | ভর্তির সময় প্রদান করা হবে। |
| (৩) অনলাইন জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি | - | ০২ কপি |
| (৪) নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি | - | ০২ কপি (সিটি কর্পো ওয়ার্ড/ইউপি) |
| (৫) অবিবাহিত প্রমাণক সনদের মূলকপি | - | ০১ সত্যায়িত কপিসহ |
| (৬) পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র | - | ০১ আয়কর রিটার্ন কপি |
| (৭) পাসপোর্ট সাইজের ছবি | - | ০৬ কপি |

৮। এছাড়াও ভর্তি বা ডাক্তারী পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রকার তথ্য ২৭-২৮ ফেব্রুয়ারী সশরীরে অবস্থানকালীন সময়ে জানা যাবে।

৯। নির্ধারিত তারিখের পর কোন প্রকার ভর্তির অনুরোধ/ আবেদন গ্রহণ করার সুযোগ নেই।